

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৭৩

আগরতলা, ৭ নভেম্বর, ২০২৩

জেলা পরিবহন কার্যালয়গুলিতে ক্যাশলেস লেনদেনের সূচনা

নগদহীন লেনদেন ব্যবস্থাকে আরও জনপ্রিয় করে তুলতে হবে : পরিবহন মন্ত্রী

নগদহীন লেনদেন ব্যবস্থাকে আরও জনপ্রিয় ও উৎসাহিত করে তুলতে হবে। এই ব্যবস্থায় প্রশাসনিক স্বচ্ছতার পাশাপাশি আর্থিক লেনদেন সহজতর হবে। আজ সচিবালয়ে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী ভারুয়ালি রাজ্যের সমস্ত জেলা পরিবহন কার্যালয়ে ডিজিটাল পদ্ধতিতে ক্যাশলেস লেনদেন ব্যবস্থার সূচনা করে একথা বলেন। অনুষ্ঠানে পরিবহন মন্ত্রী বলেন, সারা দেশের সাথে রাজ্যেও নগদহীন লেনদেন ব্যবস্থা ক্রমশ জনপ্রিয় হয়ে উঠেছে। রাজ্যেও প্রতিদিন এই ব্যবস্থা ত্বরান্বিত হচ্ছে। সম্প্রতি পশ্চিম ত্রিপুরা জেলা পরিবহন কার্যালয়ে নগদহীন লেনদেন ব্যবস্থা চালু হওয়ার পর উল্লেখযোগ্যভাবে আর্থিক লেনদেন বৃদ্ধি পেয়েছে। এই উদ্যোগের অঙ্গ হিসেবে আজ রাজ্যের সবকটি জেলা পরিবহন কার্যালয়ে ডিজিটাল পদ্ধতিতে আর্থিক লেনদেনের ব্যবস্থা চালু করা হয়েছে। তিনি বলেন, গত অর্থবর্ষে রাজ্যের রাজস্ব আদায়ে পরিবহন দপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে। গত অর্থবর্ষে রাজ্য কোষাগারে পরিবহন দপ্তর থেকে ১১৫ কোটি টাকা রাজস্ব জমা পড়েছে। চলতি অর্থবর্ষে তা ১২৫ কোটি টাকার লক্ষ্যমাত্রা রয়েছে। পরিবহন দপ্তরের সমস্ত কর্মী সহ জেলা প্রশাসনের আধিকারিকদের এই নগদহীন লেনদেন ব্যবস্থাকে আরও জনপ্রিয় করে তোলার উপর তিনি গুরুত্বারোপ করেন। পরিবহন দপ্তরের সকল কর্মী, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র প্রতিনিধি সহ সকলকে এই কাজে সহযোগিতা করার জন্য পরিবহন মন্ত্রী ধন্যবাদ জানিয়েছেন এবং আগামীদিনেও রাজ্যের উন্নয়ন ও অগ্রগতিকে ত্বরান্বিত করার ক্ষেত্রে তা অব্যাহত থাকবে বলে তিনি আশাব্যক্ত করেন।

অনুষ্ঠানে পরিবহন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা নগদহীন লেনদেন ব্যবস্থাকে সুস্থায়ী করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, বিগত বছরগুলিতে পরিবহন ব্যবস্থায় দপ্তর নতুন নতুন অনেকগুলি পদক্ষেপ গ্রহণ করেছে যাতে জনগনের দৌড়গোড়ায় বিভিন্ন পরিষেবাকে পৌঁছে দেওয়া যায়। অনুষ্ঠানে পরিবহন দপ্তরের অতিরিক্ত সচিব সুরত চৌধুরী, উপসচিব মৈত্রী দেবনাথ, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র প্রতিনিধি সহ সংশ্লিষ্ট অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে জেলাগুলি থেকে ভারুয়ালি অতিরিক্ত জেলা শাসক, মহকুমা শাসক, জেলা পরিবহন আধিকারিকগণ, ব্যাঙ্ক প্রতিনিধিগণ প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ভারুয়ালি উপস্থিত বিভিন্ন জেলার সুবিধাভোগীগণ নগদহীন লেনদেন ব্যবস্থা সম্পর্কে তাদের অনুভূতির কথা তুলে ধরেন। এছাড়াও নগদহীন লেনদেন ব্যবস্থা নিয়ে একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়।
